# NEWSLETTER



SEPTEMBER
2023




# বিআইপি বার্ষিক সাধারণ সভা ২০২২

২৭ জানুয়ারি ২০২৩ (শুক্রবার), সকাল ৯:০০ টায় ঢাকাস্থ ব্র্যাক সেন্টার ইন, ৭৫ মহাখালীতে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)-র বার্ষিক সাধারণ সভা ২০২২ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স-র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে প্রথমে কোরআন তেলাওয়াত ও জাতীয় সঙ্গীতের মাধ্যমে বার্ষিক সাধারণ সভার শুভ সূচনা হয়। স্বাগত বক্তব্যে সভাপতি বলেন, প্রতিষ্ঠালগ্ন থেকেই বি.আই.পি. পরিকল্পনা শিক্ষা ও পেশার উন্নয়নে অবদান রাখার চেষ্টা করে আসছে, উক্ত চেষ্টাকে আরো সুদৃঢ় এবং প্রসারিত করার লক্ষ্যে বি.আই.পি'র ১৫তম নির্বাহী পরিষদ, ইনস্টিটিউট-এর সকল কর্মকান্ডে সদস্যদের সম্পৃক্ততা, জবাবদিহিতা এবং স্বচ্ছতা রাখার চেষ্টা করেছে।

বি.আই.পি. উপদেষ্টা পরিষদের সদস্য পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে উপদেষ্টা পরিষদের প্রতিবেদন উপস্থাপন করেন। বি.আই.পি.-র ১৫তম কার্যনির্বাহী পরিষদের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান ২০২২ সালে বি.আই.পি.-র বিভিন্ন কার্যাবলী এবং তার বার্ষিক অগ্রগতি সম্পর্কে একটি বিশদ প্রতিবেদন উপস্থাপন করেন। পরবর্তীতে উপস্থিত পরিকল্পনাবিদ সদস্যদের সামনে বি.আই.পি.-র কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ অধ্যাপক ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান বিগত ২০২১-২২ অর্থবছরে বি.আই.পি.-র আয়-ব্যয়ের পর্যালোচনা পূর্বক পূর্ণাঙ্গ আর্থিক প্রতিবেদন উপস্থাপন করেন। উপস্থিত সকলের সম্মতিতে অডিট রিপোর্টটি অনুমোদিত হয়।

এবারের বার্ষিক সাধারণ সভায় নিয়মিত আলোচ্যসূচীর পাশাপাশি বিআইপি'র সম্মানিত সদস্যদের সুচিন্তিত ও সুনির্দিষ্ট মতামত এবং সম্মতির জন্য বিআইপি'র ভবিষ্যৎ কাঠামো ও নীতিনির্ধারণ সংক্রান্ত ৪ টি বিষয় (বিআইপি সংবিধানের চূড়ান্ত সংশোধনী, বিসিএস ক্যাডার সার্ভিস-এর পূর্ণাঙ্গ প্রস্তাবনা, ঝড়ধঃরধষ চষধহহরহম ঋৎধসবড়িৎশ-এর খসড়া প্রতিবেদন এবং অপপৎবফরঃধঃরড়হ গধহঁধষ-এর চূড়ান্ত খসড়া) উত্থাপন করা হয়, সংশোধনসাপেক্ষে গৃহীত হয় এবং বিআইপি'র সংবিধান সংশোধনের প্রস্তাবনা চূড়ান্তকরণের জন্য সদস্যদের মতামতসমূহ নথিভুক্ত করা হয়। এছাড়াও বিআইপি-র সদস্যদের বাৎসরিক চাঁদা বৃদ্ধি, ঢাকায় ট্রেনিং ইনস্টিটিউট-এর জন্য জমি ক্রয় এবং বিআইপি খুলনা চ্যাপ্টারের জন্য কউঅ থেকে প্রাপ্ত জমি ক্রয় সংক্রান্ত বিষয়ে উপস্থিত সদস্যগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসাপেক্ষে ক্রয় প্রস্তাবের নীতিগত ভাবে একমত পোষণ করেন।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির এর সঞ্চালনায় বার্ষিক সাধারণ সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিআইপি'র প্রতিষ্ঠাতা সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. গোলাম রহমান, খুলনা বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগে অধ্যাপক এবং বিআইপি উপদেষ্টা কাউন্সিলের সদস্য ড. রেজাউল করিম, বুয়েট ইউআরপি বিভাগের অধ্যাপক ড. শাকিল আকতার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক (যুগ্মসচিব) পরিকল্পনাবিদ ড. মোঃ তৈয়বুর রহমান, চুয়েট ইউআরপি বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ রাশিদুল হাসান, সিনিয়র পরিকল্পনাবিদ আল আমিন, পরিকল্পনাবিদ মাসুম মুজিব, পরিকল্পনাবিদ খোন্দকার এম আনসার হোসেন এবং বিআইপি উপদেষ্টা কাউন্সিলের সদস্য জনাব নুরুল্লাহ প্রমুখ।

# বিআইপি সভাপতি এবং এসআইপি সভাপতির সৌজন্য সাক্ষাত




২০ জানুয়ারি ২০২৩ তারিখে, পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সভাপতি, বাংলাদেশ ইন্সটিটিউট অফ প্ল্যানার্স (বিআইপি), এবং জনাব জোকো প্রিহানতো, সভাপতি, সিঙ্গাপুর ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং মিসেস কারেন থাম, সেক্রেটারি, সিঙ্গাপুর ইনস্টিটিউট অব প্ল্যানার্স, এর সাথে একটি সৌজন্য সাক্ষাত অনুষ্ঠিত হয়। সৌজন্য সাক্ষাতের সময়, বিআইপি সভাপতি দুটি পরিকল্পনা প্রতিষ্ঠানের মধ্যে পেশাদার আদান-প্রদানের জন্য একটি যৌথ সহযোগিতার কথা বলেন। ফলপ্রসূ আলোচনার পর, পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন তাদের সিঙ্গাপুর ইনস্টিটিউট অব প্ল্যানার্সের পক্ষ থেকে ঢাকায় অনুষ্ঠিতব্য তৃতীয় আন্তর্জাতিক নগর ও আঞ্চলিক পরিকল্পনা (ICURP) ২০২৩-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানান এবং জোকো প্রিহানতো তার আমন্ত্রণে সম্মতি প্রকাশ করেন।




# ‘আরবান ক্লাইমেট রেজিলিয়েন্সঃ গ্লোবাল এক্সপেরিয়েন্স এবং লোকাল অ্যাকশন’ শীর্ষক সেমিনার

নগর পরিকল্পনা সংশ্লিষ্ট আধুনিক জলবায়ু পরিবর্তন উপযোগী অনুশীলন পদ্ধতিসমূহের তথ্য-উপাত্ত বিশ্লেষণ, ব্যবস্থাপনা ও অর্থায়ন ইত্যাদি বিষয়ে দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে বিগত ৩১ জানুয়ারি ২০২৩ সালে সন্ধ্যা ৬.০০ টায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এবং গ্লোবাল সেন্টার অন অ্যাডাপটেশন (GCA) এর যৌথ উদ্যোগে ‘আরবান ক্লাইমেট রেজিলিয়েন্সঃ গ্লোবাল এক্সপেরিয়েন্স এবং লোকাল অ্যাকশন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। আলোচনা সেশনে বস্তি উন্নয়ন, টেকসই নগরায়ন, সহনশীলতা ব্যবস্থাপনা ও অর্থায়ন ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। সেমিনারের বিশেষ অতিথি ব্রিটিশ হাইকমিশন, ঢাকার ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড এনভায়রনমেন্ট উপদেষ্টা এ্যানা ব্যালান্স কনটেক্সট অনুযায়ী এডাপ্টেশন প্রক্রিয়ার কথা বিশেষ ভাবে উল্লেখ করেন। প্রধান অতিথির বক্তব্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ জলবায়ু সহনশীল বাংলাদেশ গড়ে তোলার ক্ষেত্রে কঠোর পেশাদারিত্ব, পরিবেশ এবং সমতার সমন্বয়ে সমন্বিত ব্যবস্থাপনার কথা উল্লেখ করেন। বিআইপি’র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন সমাপনী বক্তব্যে বলেন, বর্তমান এবং ভবিষ্যত জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কমাতে উপযুক্ত নগর পরিকল্পনা পদ্ধতির পরিপূর্ণ জ্ঞান না থাকলে আমরা রেজিলিয়েন্ট বাংলাদেশ গড়তে কখনোই সক্ষম হবো না।



## 'Integrating food into urban planning in Bangladesh: Spatial Planning for Urban Food System' বিষয়ক কর্মশালা

৪ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি), ইউএন এর খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এবং ওয়াগিনেনেনগেন ইউনিভার্সিটি অ্যান্ড রিসার্চ (WUR) এর যৌথ উদ্যোগে বি.আই.পি. কনফারেন্স রুমে একটি কর্মশালার আয়োজন করা হয়েছিল। 'Integrating food into urban planning in Bangladesh: Spatial Planning for Urban Food System' নামক এই কর্মশালায় বাংলাদেশে খাদ্য নিরাপত্তা ও পুষ্টি বৃদ্ধিতে নগর পরিকল্পনাবিদদের চ্যালেঞ্জসমূহ, তা সমাধানের উপায়, সমাধানে নগর পরিকল্পনাবিদদের ভূমিকা এবং স্থানিক পরিকল্পনা কীভাবে এতে সহায়ক হতে পারে এই সকল বিষয়ে আলোকপাত করা হয়।

## Policy Evaluation Tool for Climate Actions in Transport Planning শীর্ষক পাবলিক লেকচার অনুষ্ঠান

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ (সোমবার), বিকাল ৫:৩০ টায়, বিআইপি কনফারেন্স হলে "Policy Evaluation Tool for Climate Actions in Transport Planning" শীর্ষক পাবলিক লকচার অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় অনুষ্ঠানে পরিবহণ পরিকল্পনায় জলবায়ুর প্রভাব সম্পর্কিত বিষয়ে পাবলিক লেকচার প্রদান করেন ডালহৌসি বিশ্ববিদ্যালয়, নোভা স্কটিয়া, কানাডার অধ্যাপক এবং বিআইপি'র সম্মানিত সদস্য পরিকল্পনাবিদ ড. আহসান হাবীব।

এছাড়াও বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পরিকল্পনা কমিশন এর অন্তর্ভূক্ত ভৌত অবকাঠামো বিভাগ এর সদস্য (সচিব) ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান তার মূল্যবান বক্তব্য প্রদান করেন।









# বিআইপি বার্ষিক বনভোজন ২০২৩

প্রতিবছরের মত ১০ মার্চ ২০২৩ (শুক্রবার), এ বিআইপির বার্ষিক বনভোজন সি-শেল পার্ক এন্ড রিসোর্টে অনুষ্ঠিত হয়। আকর্ষণীয় এই বনভোজনে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ছিল সকল অংশগ্রহণকারীদের জন্য বিভিন্ন খেলাধুলা ও কার্যাবলী। রেফল ড্র ও সম্মিলিত ছবির মাধ্যমে শেষ হয় আনন্দঘন এই অনুষ্ঠান।

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ৫২'র সকল ভাষা শহীদদের প্রতি বিআইপি'র শ্রদ্ধা

২১ ফেব্রুয়ারি ২০২৩ মঙ্গলবার অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে দেশের নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর পক্ষ থেকে জাতীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে বায়ান্নর ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।




বিআইপি'র সম্মানীত সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পন করেন ইনস্টিটিউটের যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মু: মোসলেহ উদ্দীন হাসান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম এবং বিআইপি'র অনান্য সম্মানিত সদস্যগণ সহ কর্মকর্তা-কর্মচারীরাগণ।

# বিআইপি প্রতিনিধি দল এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এ নবনিযুক্ত সচিব মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত



৬ মার্চ ২০২৩ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর একটি প্রতিনিধি দল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এ নবনিযুক্ত সচিব জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন মহোদয়ের সাথে একটি সৌজন্য সাক্ষাত করেন। এসময় বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর সাথে বিআইপি'র প্রতিনিধি হিসেবে ইনস্টিটিউট এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এবং কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মুসলেহ উদ্দীন হাসান উপস্থিত ছিলেন।

সৌজন্য সাক্ষাতে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর সার্বিক কার্যাবলী সম্পর্কে আলোচনা করা হয় এবং অনুষ্ঠিতব্য নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৩য় আন্তর্জাতিক সম্মেলন এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় উপস্থিতি সংক্রান্ত আমন্ত্রণপত্র হস্তান্তর করা হয়।

# মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন

প্রতি বছরের ন্যায় এবছরও ২৬ মার্চ ২০২৩ (রবিবার) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে দেশের নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর পক্ষ থেকে সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল মুক্তিযোদ্ধা, বীর শহীদসহ জাতির স্বাধীনতা ও মুক্তি সংগ্রামে অবদান রাখা সকল আত্নত্যাগকারীদের প্রতি গভীর সম্মান ও শ্রদ্ধাঞ্জলি জানানো হয়।

পুষ্পার্ঘ্য অর্পণের সময় বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে উপস্থিত ছিলেন বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, পরিকল্পনাবিদ মোঃ আনিসুর রহমান তুহিন, পরিকল্পনাবিদ মনোয়ার সোহেল সহ বিআইপি'র কর্মকর্তা-কর্মচারীরাগণ।



# বিআইপি প্রতিনিধি দল এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত

৩ এপ্রিল ২০২৩, সোমবার বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর একটি প্রতিনিধি দল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এম.পি. মহোদয়ের সাথে তার কার্যালয়ে একটি সৌজন্য সাক্ষাত করেন।



সৌজন্য সাক্ষাতে বিআইপি'র সামগ্রিক কার্যাবলী সহ আসন্ন নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৩য় আন্তর্জাতিক সম্মেলন আয়োজন এবং এ উপলক্ষে ইউএন-হ্যাবিটেট এর নির্বাহী পরিচালক ও বিভিন্ন দেশের পরিকল্পনা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং পরিকল্পনা পেশাজীবীদের আমন্ত্রণ প্রেরণের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় এবং মাননীয় মন্ত্রী মহোদয়ের সহযোগিতা প্রাপ্তির বিষয়ে আলোচনা করা হয়।

## নগর উন্নয়ন সাংবাদিক ফোরামের উদ্যোগে 'বারবার অগ্নিদুর্ঘটনার কারণ: প্রতিরোধে করণীয়' শীর্ষক নগর সংলাপ

৪ মে, ২০২৩ (বৃহস্পতিবার), সকাল ১০:৩০ টায় নগর উন্নয়ন সাংবাদিক ফোরামের উদ্যোগে 'বারবার অগ্নিদুর্ঘটনার কারণ: প্রতিরোধে করণীয়' শীর্ষক একটি নগর সংলাপ জাতীয় প্রেসক্লাবের তোফাজ্জল হোসেন মানিক মিয়া হলে অনুষ্ঠিত হয়। নগর সংলাপের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মো: তাজুল ইসলাম, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর চেয়ারম্যান জনাব মো: আনিছুর রহমান মিঞা।




সংলাপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান।



# বিআইপি কর্তৃক 'নারী পরিকল্পনাবিদ সম্মাননা' শীর্ষক অনুষ্ঠান

নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনার বিভিন্ন ক্ষেত্রে নারী পরিকল্পনাবিদদের অবদানকে স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লান্যার্স এর উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ উপলক্ষে গত ৪ এপ্রিল, ২০২৩ তারিখে 'নারী পরিকল্পনাবিদ সম্মাননা' শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদে মেহেদী আহসান এর সঞ্চালনায় নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনা এবং উন্নয়ন ব্যবস্থাপনায় বিশেষ অবদান রাখার জন্য বিআইপি'র নির্বাচিত নারী সদস্যদের মধ্য থেকে ৪ জন নারীকে "নারী পরিকল্পনাবিদ" ও ২ জন নারীকে "নবীন নারী পরিকল্পনাবিদ" এই দুটি বিভাগে সম্মাননা প্রদান করা হয়।

নারী পরিকল্পনাবিদ বিভাগে একাডেমিয়া এন্ড লিডারশীপ ক্যাটাগরীতে বুয়েটের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের অধ্যাপক এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ডীন, পরিকল্পনাবিদ ড. ইশরাত ইসলাম, প্ল্যানিং প্র্যাকটিস (প্রাইভেট) ক্যাটাগরীতে গ্রামীণফোন টেলিকমিউনিকেশন সেক্টরের সাবেক মার্কেটিং হেড, সিম এবং ডিভাইস ম্যানেজমেন্ট হেড, হেড অব রিটেইল কোয়ালিটি ম্যানেজমেন্ট পরিকল্পনাবিদ ফারজানা রহমান, প্ল্যানিং প্র্যাকটিস (গভর্নমেন্ট) ক্যাটাগরীতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর নগর পরিকল্পনাবিদ ও রাজশাহী মেট্রোপলিটান উন্নয়ন পরিকল্পনার প্রকল্প পরিচালক পরিকল্পনাবিদ আজমেরী আশরাফী এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের ডেপুটি ম্যানেজার (সিনিয়র সহকারী সচিব) পরিকল্পনাবিদ সাবরিন চৌধুরীকে প্ল্যানিং প্র্যাকটিস (গভর্নমেন্ট) ক্যাটাগরীতে সম্মাননা প্রদান করা হয়।

নবীন নারী পরিকল্পনাবিদ বিভাগে এনজিও ফোরাম ফর পাবলিক হেলথ এর সাইট প্ল্যানার মেহবার চৌধুরী দিয়া এবং জিপ্যাড এর জুনিয়র নগর পরিকল্পনাবিদ হোসনেআরা আলোকে সম্মাননা প্রদান করা হয়।






# বিশ্ব পরিবেশ দিবস ২০২৩ উপলক্ষে "২৮ বছরে রাজধানীর জলাধার ও সবুজ নিধনঃ বাস্তবতা উত্তরণের পথনকশা" শীর্ষক বিআইপি'র গবেষণা প্রতিবেদন প্রকাশ ও গোলটেবিল আলোচনা

বিশ্ব পরিবেশ দিবস ২০২৩ উপলক্ষে ঢাকা মহানগরীর বিদ্যমান জলাধার ও সবুজ এলাকার পর্যায়ক্রমিকহ্রাস এর কারণসমূহ, জলাধার ভরাটকরণ এবং সবুজ নিধনের সাম্প্রতিক ঘটনাবলী, জলাধার ও সবুজ এলাকা সংরক্ষণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ভূমিকা এবং এ অবস্থা থেকে উত্তরণের পথনকশা নির্ধারণ সম্পর্কিত বিষয়ে বিগত ৩ জুন ২০২৩ (শনিবার) বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে এবং নগর উন্নয়ন সাংবাদিক ফোরামের সহযোগিতায় রাজধানীর প্ল্যানার্স টাওয়ারের বিআইপি কনফারেন্স হলরুমে "২৮ বছরে রাজধানীর জলাধার ও সবুজ নিধনঃ বাস্তবতা ও উত্তরণের পথনকশা" শীর্ষক গবেষণা প্রতিবেদন প্রকাশ ও গোলটেবিল আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বিআইপি'র প্রেসিডেন্ট পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে আলোচনার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম, এমপি। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব সাবের হোসেন চৌধুরী এমপি, বাংলাদেশ তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) সভাপতি সুলতানা কামাল, সোসাইটি অফ এক্সপার্টস অন এনভায়রনমেন্ট ডেভেলপমেন্টের (সীড) এর সভাপতি মোঃ আবুল কালাম আজাদ, রাজউক এর সদস্য (উন্নয়ন) মেজর (ইঞ্জিঃ) সামসুদ্দীন আহমদ চৌধুরী (অবঃ), বুয়েটের স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ডীন অধ্যাপক ড. ইশরাত ইসলাম, বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতির (বেলা) প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান, বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট (বাস্থই) এর সহ-সভাপতি স্থপতি অধ্যাপক মুহাম্মদ আলী নকী, স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের ডিন ও সভাপতি অধ্যাপক ডঃ আহমেদ কামরুজ্জামান মজুমদার এবং নগর উন্নয়ন সাংবাদিক ফোরামের সভাপতি জনাব অমিতোষ পাল, এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মু. মোসলেহ উদ্দীন হাসান।

গবেষণার ফলাফলে দেখা যায়, ২০১৫ সালে ঢাকা শহরে (নতুন যুক্ত হওয়া ওয়ার্ডগুলো ছাড়া ঢাকার দুই সিটি করপোরেশন) সবুজ এলাকা ও ফাঁকা জায়গা ছিল ৫৩ দশমিক ১১ বর্গকিলোমিটার। ২০২৩ সালে তা কমে গিয়ে ২৯ দশমিক ৮৫ বর্গকিলোমিটারে দাঁড়িয়েছে। অন্যদিকে ১৯৯৫ সালে ঢাকায় জলাধার ও জলাভূমি ছিল ৩০ দশমিক ২৪ বর্গকিলোমিটার। পরের পাঁচ বছরে ওই জলাভূমির ১১ দশমিক ৮২ বর্গকিলোমিটার ভরাট করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী তাজুল ইসলাম পরিবেশ রক্ষায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ব্যক্তিদের সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান।

# বিশ্ব পরিবেশ দিবস ২০২৩ উপলক্ষ্যে ডিএনসিসির বৃক্ষরোপণ কার্যক্রম





বিশ্ব পরিবেশ দিবস ২০২৩ উপলক্ষ্যে 'সবুজে বাস, বারো মাস'-এই স্লোগানে ডিএনসিসির বৃক্ষরোপণ কার্যক্রমের উদ্বোধন করেন মেয়র মোঃ আতিকুল ইসলাম। রাজধানীর তেজগাঁও মেয়র আনিসুল হক সড়কে ডিএনসিসি এলাকায় দুই লাখ গাছ লাগানোর কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের পক্ষে উপদেষ্টা পরিষদের আহ্বায়ক পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ এবং নির্বাহী পরিষদের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান উপস্থিত থেকে বৃক্ষ রোপনে শরিক হন।

# প্ল্যানার্স ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে দেশের ৭টি বিশ্ববিদ্যালয়ের প্ল্যানার্স অ্যালামনাই সংগঠনের অংশগ্রহণে ১৩ জানুয়ারি ২০২৩ (শুক্রবার) দিনব্যাপী ‘প্ল্যানার্স ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩’ ক্লেমন ক্রিকেট একাডেমী, খামারবাড়িতে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি ডেইলী স্টার এর প্রকাশক এবং সম্পাদক জনাব মাহফুজ আনাম। এছাড়াও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, উপদেষ্টা পরিষদ আহ্বায়ক পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ সহ অন্যান্য বোর্ড সদস্য, সিনিয়র পরিকল্পনাবিদ এবং সংশ্লিষ্ট অ্যালামনাই সমূহের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। দিনব্যাপী শ্বাসরুদ্ধকর এই টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও রানার্স আপ হয় খুলনা বিশ্ববিদ্যালয়।



# বিআইপি এবং এমআইপি'র মাঝে সমঝোতা স্মারক সাক্ষরিত




বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) মালয়েশিয়ান ইনস্টিটিউট অব প্ল্যানার্স (এমআইপি) এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে ১৭ জানয়ারি ২০২৩ তারিখে আরেকটি ল্যান্ডমার্ক চিহ্নিত করেছে। বিআইপি সভাপতি পরিকল্পনাকারী ফজলে রেজা সুমন এবং এমআইপি সভাপতি টিপিআর নোরাইদা আইদা সালুদিন উভয় প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারক সাক্ষর করেছেন। এই সমঝোতা স্মারকের মাধ্যমে, উভয় প্রতিষ্ঠানই পরিকল্পনা এবং এর সাথে জড়িত পেশাদারদের দেশের নগর পরিকল্পনার চ্যালেঞ্জ গুলি মোকাবেলার জন্য ভাল অনুশীলন এবং ধারণাগুলি ভাগ করে নেওয়ার জন্য একটি ভাল প্ল্যাটফর্ম প্রদানের উদ্দেশ্যে কাজ করতে সম্মত হয়েছে।



বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স
BANGLADESH INSTITUTE OF PLANNERS




Planners' Tower (Level-7) , 13/A, Bir Uttam C.R. Datta (Sonargaon) Road
Bangla Motor, Dhaka-1000 Bangladesh.
Tel: +880-222-33-67653, +880-222-33-65223, +880-222-33-65223
Website: www.bip.org.bd